# ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ

নিবন্ধন নং ২৩০, তারিখ: ২৩/০৪/২০০৫ খ্রিঃ

সাহারা সেন্টার (লেভেল-০৭), ৩৭/এ, কাকরাইল, ভিআইপি রোড, ঢাকা-১০০০


**স্মারক নং** ডিএমসিএসএল/নোটিশ/কঃনিঃ/অস্থায়ী/২০২৫/০১ **তারিখ:** ০৯/০৮/২০২৫ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ (ডিএমসিএসএল) একটি সংবিধিবদ্ধ আর্থিক প্রতিষ্ঠান, যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন সমবায় অধিদপ্তর কর্তৃক ২৩ এপ্রিল ২০০৫ খ্রিঃ তারিখে নিবন্ধিত হয়। দেশের বৃহত্তম সমবায় সংগঠন ডিএমসিএসএল-এ নিম্নলিখিত **দু'টি পদে জরুরি ভিত্তিতে অস্থায়ীভাবে জনবল নিয়োগ** দেওয়া হবে। আগ্রহী ও যোগ্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম ও সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১ | সহকারী হিসাবরক্ষক (০১ জন) | • ন্যূনতম বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রি (অ্যাকাউন্টিং বা ম্যানেজমেন্টে অগ্রাধিকার)।<br>• তিন বছরের স্নাতক ডিগ্রির ক্ষেত্রে অবশ্যই ১ম শ্রেণি বা সমতুল্য গ্রেডে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>• হিসাব সংরক্ষণ, রশিদ ও বিল প্রস্তুত, দৈনিক লেনদেন নথিভুক্তকরণে দক্ষতা।<br>• কম্পিউটারভিত্তিক হিসাবরক্ষণ সফটওয়্যার ব্যবহারে পারদর্শী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।<br>• এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ারপয়েন্ট, ওয়াটসঅ্যাপ ও ই-মেইল পরিচালনায় পারদর্শিতা।<br>• সংশ্লিষ্ট কাজে ন্যূনতম **ছয়** মাসের বাস্তব অভিজ্ঞতা। |
| ২ | কম্পিউটার অপারেটর-কাম-টাইপিস্ট (০১ জন) | • ন্যূনতম এইচএসসি বা সমমান পাস।<br>• কম্পিউটার টাইপিংয়ে দক্ষতা (বাংলা ও ইংরেজি)।<br>• এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ারপয়েন্ট, ওয়াটসঅ্যাপ ও ই-মেইল পরিচালনায় পারদর্শিতা।<br>• সংশ্লিষ্ট কাজে ন্যূনতম **তিন** মাসের বাস্তব অভিজ্ঞতা। |

**সাধারণ শর্তাবলি ও অন্যান্য তথ্য:**

১। **চাকরির ধরণ:** প্রাথমিকভাবে ৬ (ছয়) মাসের জন্য অস্থায়ী ভিত্তিতে নিয়োগ দেওয়া হবে। সন্তোষজনক কর্মদক্ষতা প্রদর্শনের ভিত্তিতে প্রার্থীকে স্থায়ী করা হতে পারে।

২। **কর্মস্থল:** সাহারা সেন্টার, ৩৭/এ, কাকরাইল, ভিআইপি রোড, ঢাকা-১০০০।

৩। **বেতন ও সুবিধাদি:** সোসাইটির চাকরি বিধিমালা ও স্যালারি ম্যাট্রিক্স অনুসরণপূর্বক আলোচনা সাপেক্ষে নির্ধারিত হবে।

৪। **চাকুরিরত প্রার্থীদের** অবশ্যই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছ থেকে NOC সংগ্রহপূর্বক আবেদন করতে হবে।

৫। **আবেদন পদ্ধতি:** সদ্য তোলা পাসপোর্ট সাইজের একটি রঙিন ছবি, শিক্ষাগত ও অভিজ্ঞতা সনদের অনুলিপিসহ আবেদনপত্র **careers@dmcsl.org** ঠিকানায় ই-মেইল করুন। ই-মেইলে আবেদন পাঠাতে হলে সকল ডকুমেন্ট একত্রে zip ফাইল করে পদের নাম অনুযায়ী "Job Application – Assistant Accountant" অথবা "Job Application – Computer Operator-cum-Typist" শিরোনামে পাঠাতে হবে। ডাকযোগে পাঠানোর ক্ষেত্রে খামের উপরে স্পষ্টভাবে পদের নাম উল্লেখ করতে হবে।

৬। **ডিএমসিএসএল-এর সদস্য ও তার পরিবারের সদস্যদের** অগ্রাধিকার দেওয়া হবে।

৭। কোনো আবেদন ফি নেই। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণকারীদের জন্য কোনো **টিএ/ডিএ** প্রদান করা হবে না।

**চলমান পাতা – ০১/০২**

৮। মৌখিক বা লিখিত **তদবির/সুপারিশ** গ্রহণযোগ্য নয়।

৯। অসম্পূর্ণ, মিথ্যা বা বিলম্বিত **আবেদন বাতিলযোগ্য**।

১০। বিশেষ যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে **"কম্পিউটার অপারেটর-কাম-টাইপিস্ট"** পদের শিক্ষাগত যোগ্যতা **শিথিলযোগ্য**। তবে প্রার্থীর বয়স **১৫ আগস্ট ২০২৫** তারিখে সর্বোচ্চ **৩০ বছর** হতে হবে।

১১। কর্তৃপক্ষ প্রয়োজনে **পদসংখ্যা পরিবর্তনের অধিকার** রাখে।

১২। **গুরুত্বপূর্ণ তারিখসমূহ:**

**(ক) আবেদনের সময়সীমা:** আবেদনপত্র সহ অন্যান্য ডকুমেন্ট (১৩ নং দ্রষ্টব্য) অবশ্যই **১৫ আগস্ট ২০২৫ খ্রিঃ** তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (শনিবার হতে বৃহস্পতিবার, সকাল ১০টা - সন্ধ্যা ৬টা) ডাকযোগ/কুরিয়ার সার্ভিস/ব্যক্তিগতভাবে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে। আবেদনপত্র ই-মেইলের মাধ্যমেও পাঠানো যাবে।

**(খ) বাছাইকৃত প্রার্থীদের অবগতি:** (গ)-তে উল্লিখিত পরীক্ষার জন্য বাছাইকৃত প্রার্থীদের মুঠোফোনের মাধ্যমে অবগত করা হবে।

**(গ) লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা:** ১৭ আগস্ট ২০২৫ খ্রিঃ (রবিবার) সকাল ১০টা। স্থান: সাহারা সেন্টার (লেভেল-০৭), ৩৭/এ, কাকরাইল, ভিআইপি রোড, ঢাকা ১০০০।

**(ঘ) ফলাফল প্রকাশ:** ১৮ আগস্ট ২০২৫ খ্রিঃ (সোমবার)। কেবলমাত্র নির্বাচিত প্রার্থীদের মুঠোফোনে জানানো হবে।

**(ঙ) যোগদানের তারিখ:** ২০ আগস্ট ২০২৫ খ্রিঃ (বুধবার)।

১৩। **আবেদনপত্রের সাথে সংযুক্তি:**

(ক) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ও মার্কশীটের সত্যায়িত ফটোকপি।

(খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।

(গ) স্থানীয় কর্তৃপক্ষ প্রদত্ত নাগরিক সনদ (মূলকপি)।

(ঘ) সংশ্লিষ্ট বিষয়ের অভিজ্ঞতা সনদ (মূলকপি)।

(ঙ) ডিএমসিএসএল-এর সাথে সম্পৃক্ততার প্রমাণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

১৪। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এই নিয়োগ **বিজ্ঞপ্তি সংশোধন বা বাতিল করার পূর্ণ অধিকার** সংরক্ষণ করে।

১৫। সকল প্রকার নিয়োগে **চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পূর্ণ অধিকার** সোসাইটির কর্তৃপক্ষের।

09.08.2025


**মোঃ মাহাবুব আলম মুন**

কর্পোরেট সেক্রেটারি

মোবাইল নম্বর: ০১৭২০-৯২৯৩৫৭

ইমেইল: corporate-secretary@dmcsl.org

ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ

সাহারা সেন্টার (লেভেল-০৭), ৩৭/এ, কাকরাইল, ভিআইপি রোড, ঢাকা ১০০০